প্রশ্নঃ ৪৩৫. নিম্নোক্ত হাদিস দুটির বিষয়ে জানতে চাই এবং হযরত হাসান ( রা.) এর মৃত্যুর কারণ জানতে চাই। قَالَ عَلِيٌّ: «يَا أَهْلَ الْعِرَاقِ، أَوْ يَا أَهْلَ الْكُوفَةِ، لَا تُزَوِّجُوا حَسَنًا، فَإِنَّهُ رَجُلٌ مِطْلَاقٌ হযরত আলী রাঃ বলেন, হে ইরাকবাসী! হে কুফাবাসী! তোমরা হাসানের কাছে কন্যা বিয়ে দিও না, কেননা অনেক তালাক দেয়। [মুসন্নাফ ইবনে আবী শাইবা, হাদীস নং-১৯১৯৫] قَالَ عَلِيٌّ: «مَازَالَ الْحَسَنُ يَتَزَوَّجُ وَيُطَلِّقُ، حَتَّى حَسِبْتُ أَنْ يَكُونَ عَدَاوَةً فِي الْقَبَائِلِ হযরত আলী রাঃ বলেন, হাসান রাঃ বিয়ে করে, আবার তালাক দেয়। এভাবে চলছে। আমার শংকা হচ্ছে গোত্রে গোত্রে এ নিয়ে শত্রুতা না তৈরী হয়। [মুসান্নাফ ইবনে আবী শাইবা, হাদীস নং-১৯১৯৬

এই হাদিসগুলো বুঝায় আগে আমাদের একটা মাসআলা জেনে রাখা দরকার।আর তা হলো,শরীয়তে তালাক দেওয়া অবৈধ বা না জায়েজ নয়।হোক তা প্রয়োজনে বা অপ্রয়োজনে।তাই হাসান (রাঃ) এর অধিক পরিমাণে বিয়ে করা ও তালাক দেওয়া শরীয়তের গন্ডির বাহিরে নয়।বরং ভিতরে।তাই এটা হাসান (রাঃ) এর কোনো অপরাধ নয়।বিশেষ করে যখন তিনি রাসুল (সাঃ) এর একজন সাহাবি ও প্রিয় নাতি।আর যদি তাতে কোনো সৎ উদ্দেশ্য থাকে,তাহোলেত এই নিয়ে কোনো প্রশ্নই করা যায় না।এক্ষেত্রে আমাদের আরো একটি মূলনীতি জেনে রাখা প্রয়োজন,আর তা হচ্ছে, একজন সাহাবী আল্লাহর বিশেষ রহমতে তারা গুনাহ থেকে মুক্ত।আর হাসান (রাঃ) এমন একজন সাহাবী যার ব্যাপারে রাসুল (সাঃ) জান্নাতের সুসংবাদ দিয়ে গিয়েছেন এবং জান্নাতের যুবকদের সর্দার বলে আখ্যায়িত করেছেন।তার বিষয়ে একটি জায়েজ নিয়ে প্রশ্ন তুলে নিজের ঈমান হুমকির মুখে ফেলা থেকে আল্লাহ তাআলা আমাদেরকে হেফাজত করুন।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: